# বিটি-জাত দ্রব্য ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা


## ভূমিকা

ইউনাইটেড নেশনস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অরগানাইসেশন (ইউনিডো) এবং ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম (ইউনেপ), গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটির (জেফ) সহায়তায় ম্যালেরিয়া নিয়ন্ত্রণে ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন (ডিডিটি) র বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যাণ্ট তৈরি করা এবং তার প্রচার করার জন্য ভারত সরকারের সাথে কাজ করছে। এই বিকল্পটি হল ব্যাসিলাস থুরিনযিয়েনসিস (বিটি) জাত জৈব-কীটনাশক, যা কিনা সারা বিশ্বে জৈব-কীটনাশক হিসেবে জনপ্রিয়তা অর্জন করেছে।

ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (এনসিভিবিডিসি) বাছাই করা কিছু বিটি জাত জৈব-কীটনাশকের নাম শহরাঞ্চলে ম্যালেরিয়া নিয়ন্ত্রণে লার্ভা বিরোধী পদক্ষেপ হিসেবে সুপারিশ করে থাকে। এনসিভিবিডিসি এই বিষয়ে এর ব্যবহার, ব্যবহারের মাত্রা, এবং ব্যবহারের প্রয়োগের হার সম্বন্ধে নির্দেশিকাও জারি করেছে।[1]

## নির্দেশিকা

স্বাস্থ্য যেহেতু রাজ্য সরকারের তালিকাভুক্ত একটি বিষয়, তাই এই প্রকল্প রুপায়ণ এবং তার বাস্তবায়ন, যেমন চিহ্নিত এলাকায় বিটি জাত জৈব-কীটনাশকের বণ্টন এবং ব্যবহার সবকিছুই রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের দায়িত্বের মধ্যে পড়ে। সাধারণভাবে এই বিটি জাত জৈব-কীটনাশকের ক্রয় এবং বণ্টন ব্যবস্থাটিকে নিম্নে একটি রেখাচিত্রের মাধ্যমে তুলে ধরা হল:




DO NOT PRINT

1 https://ncvbdc.mohfw.gov.in/Doc/Guidelines/Manual-Integrated-Vector-Management-2022.pdf

## General procurement and distribution of Bt-biolarvicides

মেয়াদ শেষ হয়ে যাওয়া বিটি জাত দ্রব্যগুলি এবং তার প্লাস্টিক প্যাকেটগুলি যাতে নিরাপদ ভাবে **সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, ২০১৬** [৭] **ও** প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, ২০১৬ র নিয়মানুসারে বর্জ্য হিসেবে ফেলে দেওয়া যায়, তার দায়িত্ব রাজ্যগুলির উপরে বর্তায়। জেলা-স্তরের আধিকারিকরা এর জন্য যে যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া দরকার তার জন্য ভারপ্রাপ্ত।

স্প্রে কর্মীরা লার্ভার উৎস এবং তার ব্যবস্থাপনার মূল কেন্দ্রবিন্দু। স্থানীয় সরকারী কর্মকর্তা এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের প্রতিনিধিদের জন্য এবং স্প্রে কর্মীদের সুরক্ষা এবং সঠিক পদ্ধতিতে জৈবলার্ভানাশক ব্যবহার করার জন্য প্রয়োজনীয় নির্দেশিকাগুলি নিম্নলিখিতঃ

- স্প্রেয়ারগুলি যাতে খারাপ না হয়ে যায় এবং ব্যবহারের সময়ে যাতে এর থেকে কোন ক্ষতি না হয় তার জন্য প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা নেওয়ার সাথে সাথে স্প্রেয়ারগুলির গুণমানও পরীক্ষা করতে হবে। এছাড়াও, স্প্রে কর্মীরা যাতে পিপিই - র মতো সুরক্ষা ব্যাবস্থা পায় তাও নিশ্চিত করতে হবে।
- স্প্রে কর্মীদের যতটা করে স্টক দেওয়া হয়েছে, তার মধ্যে থেকেই এনভিবিডিসির সুপারিশ অনুযায়ী জৈবলার্ভানাশকের ব্যবহার-উপযোগী দ্রবণ তৈরি করে প্রস্তাবিত ডোজ অনুযায়ী, চিহ্নিত এলাকার বিভিন্ন জায়গায় স্প্রে করে দিতে হয়
- স্প্রে করার কাজ যাতে অপারেটিং ম্যানুয়ালে নির্ধারিত নিয়ম অনুসারে হয় তার জন্য স্প্রে করার কাজটিতে স্থানীয় সরকারী কর্মকর্তাদের তত্ত্বাবধানের প্রয়োজন।
- জৈবলার্ভানাশকের মেয়াদ শেষ হয়ে যাওয়ার আগে তার ব্যবহার করে নেওয়া উচিৎ এবং পানীয় জল সংগ্রহের জায়গায় এর ব্যবহার না করাই বাঞ্ছনীয়।
- স্প্রে কর্মীদের সঠিক পদ্ধতিতে জৈবলার্ভানাশক ব্যবহার করার জন্য বারবার প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন, যাতে করে তারা এই দ্রব্যগুলি উৎপাদকদের দেওয়া পণ্যের লেবেল এবং লিফলেটে উল্লিখিত সতর্কবাণীর সাথে কঠোরভাবে সঙ্গতি রেখে ব্যবহার করতে পারে।

বিটি যাত জৈবলার্ভানাশক পাইকারি বাজারে বিক্রয় অনুমোদিত; বিভিন্ন আবাসন সমিতি, এনজিও এবং অন্যান্য সংস্থাগুলিও এর ব্যবহার করতে পারে। সেক্ষেত্রে এই  স্তেকহোল্ডারদেরও ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা সম্বন্ধে অবগত করাতে হবে।

DO NOT PRINT

